গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সংক্রান্ত সভার (এপ্রিল, ২০২১) কার্যবিবরণী।

সভাপতি: জনাব মো: সোহেল ইমাম খান, ডেপুটি সেক্রেটারি জেনারেল, বিএনসিইউ।

তারিখ: ২৪ মে, ২০২১ (ভার্চুয়াল সভা, অনিবার্য কারণবশত: এপ্রিল মাসের সভা মে মাসে অনুষ্ঠিত হয়)

সময়: দুপুর ১২.৩০ ঘটিকা।

সভার শুরুতে উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে ও সবার সুস্বাস্থ্য কামনা করে সম্মানিত সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন, ২০২০-২০২১ অর্থবছরের এপিএ এর ৪র্থ কোয়ার্টারের কার্যক্রম সময়মত সম্পন্ন করতে হবে, সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে সচেতন থাকতে হবে। তিনি একটি নতুন ডিজিটাল সেবা চালুর বিষয়ে ধারণা ব্যক্ত করেন এবং বলেন, কর্মকর্তাদের প্রতিদিনের সংশ্লিষ্ট অফিসিয়াল মেইল প্রাপ্তি কোন কৌশলের মাধ্যমে ব্যক্তিগত মেইলে সঙ্কেত পাঠানো যায় কিনা তা খতিয়ে দেখা। সম্মানিত সভাপতির অনুমতিক্রমে প্রোগ্রাম অফিসার জনাব মোহাম্মদ সোহেলুজ্জামান এপ্রিল মাস পর্যন্ত সম্পাদিত কাজের অগ্রগতি উপস্থাপন করেন, একজন কর্মকর্তা ও কর্মচারীকে জুন মাসের মধ্যে ২০২০-২০২১ অর্থবছরের পুরস্কার প্রদানের বিষয় উল্লেখ করেন এবং পরবর্তীতে আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

| ক্রমিক নং | বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|
| ১ | অফিসিয়াল মেইল প্রাপ্তি নিশ্চিতকরণের জন্য কোন কৌশলের মাধ্যমে ব্যক্তিগত মেইলে সঙ্কেত পাঠানো | কৌশল উদ্ভাবন | প্রোগ্রাম অফিসার (প্রশাসন ও অর্থ), প্রোগ্রাম অফিসার (আইসিটি) |
| ২ | একজন কর্মকর্তা ও কর্মচারীকে ২০২০-২০২১ অর্থবছরের জন্য এপিএ পুরস্কার প্রদান করা। | মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে স্পষ্টভাবে আলাপ করে চূড়ান্ত করা। | এপিএ ফোকাল পয়েন্ট, প্রোগ্রাম অফিসার (প্রশাসন ও অর্থ), প্রোগ্রাম অফিসার (আইসিটি) |

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজের সমাপ্তি ঘোষণা করেন।

২৪.০৫.২০২১

(মোঃ সোহেল ইমাম খান)
ডেপুটি সেক্রেটারি জেনারেল
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন